

সাঁইথিয়া পঞ্চায়েত সমিতি
আমোদপত্র : বীরভূম

বিজ্ঞপ্তি সংখ্যা :- 676/SPS/14

তারিখ:- ১১/১১/২০১৯

Received
On 26/11/19

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপিত করা যাইতেছে যে, আগামী ইং ০৩/১২/২০১৯ তারিখে বিকাল ২টোর সময় সময় সাঁইথিয়া পঞ্চায়েত সমিতির সভাকক্ষে বনগ্রাম গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত বলসুন্ডা - ভাবঘাট ফেরি ঘাটের ডাক অনুষ্ঠিত হইবে। উক্ত ঘাটটির ডাকে যারা অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদের উক্ত সময়ে অত্র পঞ্চায়েত সমিতির কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হইতেছে।

শর্তাবলী:-

- ১। উক্ত ফেরী ঘাটটি দায়িত্ব গ্রহণের দিন হইতে আগামী এক বৎসরের জন্য লিজ দেওয়া হইবে।
- ২। উক্ত ফেরী ঘাটটির সরকারী বার্ষিক নূনতম ডাক হইল ২০,১৬,০০০/- (কুড়ি লক্ষ ষোল হাজার হাজার টাকা মাত্র)।
- ৩। নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য, বিজ্ঞপ্তি প্রকাশের পর হইতে আগামী ইং ২৮/১১/২০১৯ তারিখের মধ্যে অত্র কার্যালয় চলাকালীন আবেদন করিতে হইবে (ছুটির দিন ব্যতীত) PAN কার্ডের স্ব-স্বাক্ষরিত জেরক্স সহ।
- ৪। আবেদনপত্রের সহিত বায়না জমা হিসাবে ৭০০০/- (সাত হাজার) টাকার ব্যাঙ্ক ড্রফট Executive Officer, Sainthia Panchayat Samiti র অনুকূলে জমা দিতে হবে।
- ৫। প্রতিটি ডাকের মধ্যে নূনতম ৫০০০/- (পাঁচ হাজার) টাকার এবং ড্রফট (ব্যাঙ্ক হিসাব) টাকার ব্যাবধান থাকিতে হইবে।
- ৬। লিজ গ্রহীতাকে পঞ্চায়েত সমিতি কর্তৃক নির্ধারিত হারে টোল ফি আদায় করিতে হইবে। অন্যথায় পঞ্চায়েত সমিতি আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে বাধ্য হইবে।
- ৭। লিজ গ্রহীতা বাদে অন্য আবেদনকারীর বায়নার ড্রফট ফেরৎ দেওয়া হইবে।
- ৮। ডাকে অংশগ্রহণকারীদের মধ্যে সর্বোচ্চ ডাককারীকে ডাকের তারিখ হইতে আগামী ২ দিনের মধ্যে ডাকের সমস্ত টাকা অত্র পঞ্চায়েত সমিতিতে Executive Officer, Sainthia Panchayat Samiti র অনুকূলে এবং Payable at Suri এ প্রদেয় যোগ্য ডিমান্ড ড্রফট এর মাধ্যমে জমা দিতে হইবে এবং ১০/- টাকার স্ট্যাম্প পেপারে কবুলিয়ত সম্পন্ন করিতে হইবে, অন্যথায় ডাকে দ্বিতীয় স্থানাধিকারী উক্ত ঘাটটি লিজ নিতে পারবে। এক্ষেত্রে সর্বোচ্চ ডাককারীর কোনও আপত্তি গ্রহণ হইবে না। একইভাবে দ্বিতীয় স্থানাধিকারী ৭ দিনের মধ্যে লিজ না নিলে তৃতীয় স্থানাধিকারীকে লিজ নেওয়ার সুযোগ দেওয়া হইবে। নির্ধারিত সময়ের মধ্যে ডাকের সম্পূর্ণ টাকা এবং কবুলিয়ত জমা না দিলে বায়নার টাকা বাজেয়াপ্ত করা হইবে।
- ৯। যানবাহন চলাচল অব্যাহত রাখার দায়িত্ব লিজ গ্রহীতার, এজন্য ফেরিঘাটের মেরামতি এবং সংরক্ষণ বাবদ সমস্ত খরচ লিজ গ্রহীতাকেই বহন করিতে হইবে।
- ১০। ফেরিঘাট সংরক্ষণের গাফিলতির জন্য যান চলাচলে বিঘ্ন হইলে লিজ গ্রহীতা দায়বদ্ধ হইবেন। কোন প্রকার প্রাকৃতিক দুর্যোগ বা বন্ধ/অবরোধ ইত্যাদি কারণে ফেরিঘাটের অদায় বন্ধ থাকলে কোনোপ্রকার ক্ষতিপূরণ দেওয়া হইবে না। সমস্ত প্রকার ক্ষতির দায় লিজ গ্রহীতাকেই বহন করিতে হইবে।
- ১১। লিজ গ্রহীতা এমন কোনও কাজ বা নিলাম কারণে পারবেন না যাহাতে অন্য কারো ক্ষতি হইবে বা নদীবিক্ষের ক্ষতি হয়।
- ১২। লিজ গ্রহীতা কোন শর্ত/চুক্তি ভঙ্গ করিলে অত্র পঞ্চায়েত সমিতি জমা বাজেয়াপ্ত করিতে এবং বিনা নোটিশে ফেরি ঘাটের দখল লইতে পারিবে। এক্ষেত্রে পঞ্চায়েত সমিতির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।
- ১৩। সর্বোচ্চ দর বা কোনও দর কতৃপক্ষ কোনও কারণ না দর্শাইয়া গহণ বা বাতিল করিতে পারিবে।

১৪। অনিবার্য কারণবশত ডাকের দিন, সময় ও স্থান পরিবর্তন করা হিতে পারে।



নির্বাহী আধিকারিক
সাঁইথিয়া পঞ্চায়েত সমিতি
অহমদপুর, বীরভূম
তারিখ:- ১১/১১/১৭

পত্রাঙ্ক:- ৫৭৬/১(২৭)/১৫৫/১৭

প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল:-

- ১। সভাপতি, বীরভূম জেলা পরিষদ, সিউড়ি, বীরভূম।
- ২। জেলা সমাহর্তা, বীরভূম জেলা, সিউড়ি, বীরভূম।
- ৩। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, বীরভূম জেলা পরিষদ, সিউড়ি, বীরভূম।
- ৪। মহাকুমা শাসক, সিউড়ি মহাকুমা, সিউড়ি, বীরভূম।
- ৫। জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, বীরভূম জেলা।
- ৬। জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, বীরভূম জেলা।
- ৭। ডি.আই.ও., বীরভূম জেলা, মহাশয়কে জেলার ওয়েব সাইটে বিজ্ঞাপনটি প্রকাশ করার জন্য অনুরোধ জানাই।
- ৮। সেচ ও জলপথ দপ্তর, সিউড়ি, বীরভূম।
- ৯। সভাপতি, সাঁইথিয়া পঞ্চায়েত সমিতি।
- ১০। সহকারী সভাপতি, সাঁইথিয়া পঞ্চায়েত সমিতি।
- ১১। কর্মাধ্যক্ষ, পূর্ত কার্য ও পরিবহন স্থায়ী সমিতি, বীরভূম জেলা পরিষদ।
- ১২। কর্মাধ্যক্ষ, সকল স্থায়ী সমিতি, সাঁইথিয়া পঞ্চায়েত সমিতি।
- ১৩। প্রধান.....গ্রাম পঞ্চায়েত (সকল)।
- ১৪। যুগ্ম নির্বাহী আধিকারিক, সাঁইথিয়া পঞ্চায়েত সমিতি।
- ১৫। কৃষি উন্নয়ন আধিকারিক, সাঁইথিয়া, বীরভূম।
- ১৬। সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, সাঁইথিয়া।
- ১৭। রক স্বাস্থ্য আধিকারিক, সাঁইথিয়া।
- ১৮। শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, সাঁইথিয়া।
- ১৯। ভারপ্রাপ্ত আধিকারিক, সাঁইথিয়া থানা।
- ২০। বিদ্যালয় পরিদর্শক, সাঁইথিয়া এবং আহমদপুর চক্র।
- ২১। রক প্রাণী সম্পদ বিকাশ আধিকারিক, সাঁইথিয়া।
- ২২। রক যুব আধিকারিক, সাঁইথিয়া।
- ২৩। এস.ডি.ও., সাঁইথিয়া ইরিগেশন, সাঁইথিয়া।
- ২৪। গাণনিক ও মুখ্য করণিক, সাঁইথিয়া পঞ্চায়েত সমিতি।
- ২৫। কোষাধ্যক্ষ ও মজুররক্ষক, কীপার, সাঁইথিয়া পঞ্চায়েত সমিতি।
- ২৬। অ্যাকাউন্টস ক্লার্ক, সাঁইথিয়া পঞ্চায়েত সমিতি।
- ২৭। নোটিশ বোর্ড, সাঁইথিয়া পঞ্চায়েত সমিতি।
- ২৯। অফিস ফাইল।



নির্বাহী আধিকারিক
সাঁইথিয়া পঞ্চায়েত সমিতি
অহমদপুর, বীরভূম